

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
জেলা পরিসংখ্যান কার্যালয়  
নওগাঁ।




স্মারক নং- ৫২.০১.৬৪০০.০০০.২২.০১২.২০-১৬৭

তারিখ: ০৩ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ  
১৮ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিদ্ধান্ত (পরিপত্র জারিকৃত) ও অদ্য ১৮/০৭/২০২১ খ্রি. তারিখ জেলা প্রশাসক, নওগাঁ মহোদয়ের সম্মেলন কক্ষে আয়োজিত মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, আসন্ন ২৩/০৭/২০২১ খ্রি. তারিখ থেকে ঘোষিত লকডাউন চলাকালীন সময়ে প্রজাতন্ত্রের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নিজ নিজ কর্মস্থল থেকে সরকার ঘোষিত সকল কার্যাবলী অব্যাহত রাখতে হবে এবং ঘোষিত কার্যক্রমে অংশগ্রহণের জন্য সার্বক্ষণিকভাবে প্রস্তুত থাকতে হবে। প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে জেলা পরিসংখ্যান কার্যালয় এবং এর আওতাধীন সকল উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহে নিয়োজিত সকল কর্মকর্তা ও কর্মচারীগণদের করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরী পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের লক্ষ্যে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

  
১৮ ০৭ ২০২১

মো: মাহমুদুজ্জামান

উপ-পরিচালক

জেলা পরিসংখ্যান কার্যালয়, নওগাঁ

ফোনঃ ০৭৪১-৮১৩১৭

E-mail: dsonaogaon@yahoo.com

বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী।
- ৩। পরিসংখ্যান কর্মকর্তা/উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (সকল) .....
- ৪। অফিস কপি।